বিজয়নগর উপজেলা পরিষদের জুলাই- ২০২১ খ্রি. মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব নাছিমা মুকাই আলী
চেয়ারম্যান
বিজয়নগর উপজেলা পরিষদ
ব্রাহ্মণবাড়িয়া।

তারিখ : ০৮/০৭/২০২১ খ্রি., সময় সকাল ১১.০০ টা

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট " ক "

সভাপতি উপস্থিত জনপ্রতিনিধি ও বিভাগীয় সকল কর্মকর্তাগণকে সাধারণ সভায় স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। বিজয়নগর উপজেলার উন্নয়ন কাজে সকলকে একযোগে কাজ করারও আহবান জানান। তিনি উপজেলা নির্বাহী অফিসার বিজয়নগরকে সভা পরিচালনা করার অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ পরিচালনায় সকলের সহযোগিতা কামনা করেন। জুলাই- ২০২১ খ্রি. মাসের মাসিক সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। কোন বিভাগের সংশোধন না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। সভায় আলোচ্যসূচি ও বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১। কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভাকে জানান যে, চলতি খরিপ-১ মৌসুমে ১০০০ হেক্টর জমিতে আউশ ধান চাষ করা হয়েছে। এ বছর আউশ আবাদ গত বছরের চেয়ে ১৫০ হেক্টর বৃদ্ধি পেয়েছে। নতুন ফল বাগান (মাল্টা) স্থাপন ও পরিচর্যা চলছে। এ সার মজুদ ও উত্তোলন স্বাভাবিক আছে। অনাবাদি ও পতিত জমিকে চাষের আওতায় আনার জন্য ২৩টি পারিবারিক পুষ্টি বাগান স্থাপনের কাজ চলছে। এছাড়া আমন-২০২১-২২ অর্থ বছরে প্রনোদনা ও পুনর্বাসন প্রকল্পের আওতায় কৃষকদের সার ও বীজ বিতরণ সম্পন্ন করা হয়েছে। বিভাগের অন্যান্য স্বাভাবিক কার্যক্রম চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা কৃষি কর্মকর্তা, বিজয়নগর। |
| ২। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, বিজয়নগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইন সেন্টারে ভারত হতে আগত ৫২ জন ব্যক্তিকে ১৪ দিনের কোয়ারেন্টাইন ১১/০৫/২০২১ইং হতে শুরু হয়েছে। কোভিড-১৯ টিকা দ্রুত দেওয়ার জন্য সকল সরকারী / বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান দপ্তরগুলোকে অনুরোধ করা হলো। আমাদের স্বাস্থ্য কমপ্লেক্সটি বিভিন্ন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ডাক্তারগণ দিয়ে আউটডোর সেবা পরিচালিত হচ্ছে। ৮১ জন কোভিড-১৯ আক্রান্ত, ৭৮জন সুস্থ্য ২জন মৃত। কোভিড-১৯ পরিস্থিতিতে আমাদের উপজেলার অবস্থা নিয়ন্ত্রণে ও কমিউনিটি ক্লিনিক ও মাঠ পর্যায়ে টিকাদানসহ মাঠ পর্যায়ের সকল কার্যক্রম স্বাভাবিক অবস্থায় আছে। | কোভিড-১৯ সংক্রমণ প্রতিরোধে টিকা দেওয়ার জন্য সরকারী নির্দেশনা কঠোরভাবে মেনে চলার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৩। উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, বিজয়নগর উপজেলার ১০ টি ইউনিয়নে এলজিইডি'র বিভিন্ন প্রকল্পের আওতায় এবং উপজেলা পরিষদের মাধ্যমে অবকাঠামোগত উন্নয়ন কর্মকান্ড এবং বিভিন্ন প্রাথমিক বিদ্যালয় নির্মাণ ও মেরামত কাজসহ সকল উন্নয়নমুলক কাজ চলমান আছে। তিনি সকল কাজে সকলের সার্বিক সহযোগীতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা প্রকৌশলী বিজয়নগর |
| ৪। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, জুলাই /২০২১ মাসে ৩৬ জন ইমপ্লান্ট ও ২৬ জন আই, ইউ, ডি সেবা প্রদান করা হয়েছে। তাছাড়া এ মাসে মাঠপর্যায়ে ৭৭৭৫ চক্র খাবার বড়ি, ১১৭৬৪ পিস কনডম, ১২৮২ পিস ভায়েল ইনজেকটেবলস সুষ্ঠভাবে বিতরণ করা হয়েছে। বিভাগের অন্যান্য স্বাভাবিক কার্যক্রম চলমান আছে। | উপজেলার প্রত্যেক ইউনিয়নে মাঠ কর্মীরা বাড়ি বাড়ি গিয়ে জন্মহার কমানোর উদ্যোগ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিজয়নগর। |
| ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ২০২২ সনের মাধ্যমিক, এবতেদায়ী এবং দাখিল স্তরের পাঠ্যপুস্তকের চাহিদা প্রেরণ করা হয়েছে। করোনা মোকাবেলার জন্য শিক্ষা প্রতিষ্ঠান সাধারণ ছুটিকালীন সময়ে অনলাইনে ক্লাশ পরিচালনা ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিষ্ঠান প্রধানকে বলা হয়েছে। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বিজয়নগর। |
| ৬। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, কোভিড-১৯ সংক্রমণের দরুন ১০০টি বিদ্যালয় বন্ধ রয়েছে। শিক্ষকগণ শিক্ষার্থীদের বাড়ি বাড়ি গিয়ে প্রতি বুধবারে ওয়ার্কশীট বিতরণ করেছেন এবং পরবর্তী বুধবারে তা সংগ্রহ করে মূল্যায়ন করছেন। যে সকল অভিভাবকের স্মার্টফোন আছে তাদের শিশুদের | এ প্রেক্ষিতে বিদ্যালয়গুলো পূর্ব প্রস্তুতি গ্রহণ ও পরিষ্কার-পরিচ্ছন্ন করার জন্য নির্দেশ প্রদান করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার, বিজয়নগর। |

| | | | |
|---|---|---|---|
| | গুগল মিটের মাধ্যমে পাঠদান চলছে। এজন্য উপজেলার শতভাগ শিক্ষককে গুগল মিটের বিষয়ে ওরিয়েন্টেশন প্রদান করা হয়েছে। বিজয়নগরে নবনিযুক্ত জন শিক্ষককে উপজেলা রিসোর্স সেন্টারের পরিচালনায় ইন্ডাকশন ট্রেনিং দেয়া হয়েছে এবং প্রশিক্ষণ অনলাইনে পরিচালিত হয়। | | |
| ৭। দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কর্মকর্তা সভায় জানান যে, ২য়, ৩য় ও ৪র্থ পর্যায়ের সাধারণ বিশেষ, টি আর, কাবিটা এবং EGPP এর কাজ চলমান। বিভাগীয় কার্যক্রম চলমান অবস্থায় আছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কর্মকর্তা, বিজয়নগর। |
| ৮। উপজেলা সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান যে, সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় ২০২০-২০২১ অর্থ বছরের বয়স্ক ভাতা ৮৩৭৩জন, বিধবা ভাতা ২,৩৪৪জন এবং প্রতিবন্ধী ভাতা ৩২৪৩জন সহ মোট ১৩,৯৬০জন ভাতাভোএপ্রিল/২১হতে জুন/২০২১ পর্যন্ত ০৩ (তিন) মাসের বরাদ্দ পাওয়া গেছে। জুলাই ১ম সপ্তাহ হতে ব্যাংক এশিয়ার মাধ্যমে বিতরণ কার্যক্রম শুরু হবে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | ভাতাভোগীরা যেন সঠিক নিয়মানুযায়ী ভাতা পাই সেই দিকে নজর রাখতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, বিজয়নগর। |
| ৯। সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, লাড়িয়াপুর আশ্রয়ণ-২ প্রকল্পে ঋণ বিতরণ ১৭,৪০,০০০/- টাকা, ঋণ আদায় ১১,৩৬,৯৫২/- টাকা, সার্ভিস চার্জ-৮৩,৬১৬/- , অনাদায়ী ৬,০৩০,৪৮/-, ব্যাংক স্থিতি ১৪,৪৬,৯৯১/- রয়েছে। উক্ত প্রকল্পে ঋণ গ্রহণকারী ০৫জন সদস্য মৃত্যুবরন করিয়াছেন। তাদের নিকট ঋণের আসল বাবদ ৫৬,৪৫৫/- এবং সার্ভিস চার্জ-৪,১৫১/- টাকা পাওনা রহিয়াছে খেলাপী ঋণের পরিমাণ-৭০,১৬৪/- টাকা। মির্জাপুর আশ্রয়ন-২ প্রকল্প ঋণ বিতরণ ১০,৫০,০০০/- টাকা ৩৫ জন সদস্যদের মধ্যে বিতরণ করা হয়েছে। ঋণের আসল আদায় ৪,০৬,৮৬৯/- ও সার্ভিস চার্জ আদায় ২৭,০৮১/- অনাদায়ী-৬,৪৩,১৩১/- ব্যাংক স্থিতি-৭,২৮,১৮০/-টাকা। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। | অন্যান্য সমিতিগুলোর নিয়মিত অডিট সম্পাদন করতে হবে এবং ঋণ আদায় আরও বাড়াতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, বিজয়নগর। |
| ১০। উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, জুলাই/ ২০২১ মাসের বরাদ্দ প্রাপ্তির সাপেক্ষে ভিজিডির ডিও প্রদান করা হবে। প্রত্যেক ইউনিয়নে ব্যাংক এশিয়ার মাধ্যমে মাতৃত্বকালীন ভাতা প্রদান করা হবে। গ্রামীন মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ আদায় ১০০%। আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের আওতায় ১১তম ব্যাচের ৫০জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান। | বিভাগীয় কার্যক্রমগুলো আরও বাড়াতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিজয়নগর। |
| ১১। উপজেলা যুব উন্নয়ন অধিঃ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, যুব কল্যান তহবিল থেকে অনুদান প্রাপ্তির লক্ষ্যে প্রশান্তি সমাজ কল্যান যুব সংঘ ও "রুপসী বাংলা যুব স্পোটিং ক্লাব" ০২টি যুব সংগঠন অনলাইনের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করেন। করোনা মহামারী জনিত কারণে বর্তমানে যুব প্রশিক্ষণ ও ঋণ বিতরণ কার্যক্রম বন্ধ রয়েছে। তাছাড়া বিভাগীয় অন্যান্য জরুরী কার্যক্রম ভার্চুয়ালী সম্পাদন করা হয়। | বিভাগীয় কার্যক্রমগুলো আরও বাড়াতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিজয়নগর। |
| ১২। পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সভায় জানান যে, আবর্তক (কৃষি), সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচী, অসচ্ছল মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের আত্মকর্মসংস্থান কর্মসূচী লক্ষ টাকায় মোট সমিতি/দল=৮৫টি, মোট সদস্য সংখ্যা-১৪৮৪জন, মোট ঋণ তহবিল প্রাপ্তি- ৭৮.০১, মোট ঋণ বিতরণ (ক্রমঃ)=৩০৭.৮৬, মোট আদায়যোগ্য (ক্রমঃ)=২৪৬.৮৮, মোট ঋণ আদায় (ক্রমঃ)=২৪৪.৪২, আদায়ের হার (ক্রমঃ)=৯৮%। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম আরও বাড়াতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিজয়নগর। |
| ১৩। আমার বাড়ি আমার খামার | পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার সমন্বয়কারী সভায় জানান যে, প্রকল্পের ১৬৩টি সমিতির মধ্যে ৫৭টি সমিতি পল্লী সঞ্চয় ব্যাংকে মাইগ্রেশন করা হয়েছে। অবশিষ্ট ১০৬টি সমিতির প্রকল্পের আওতায় চলমান রয়েছে। ২০২০-২১ অর্থবছরের কার্যক্রমঃ- ঋণ বিতরণ-২২৩.২০ লক্ষ, ঋণ আদায় ১৪১.৩২ লক্ষ, সঞ্চয় আদায়-১৫.০৫ লক্ষ, মার্চ মাসে এসএমই টু ৪৪.৫০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম আরও বাড়াতে হবে। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার, বিজয়নগর। |
| ১৪। খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কাজ অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য কর্মকর্তা,বিজয়নগর। |
| ১৫। আনসার ও ভি ডি পি | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম আরও বাড়াতে হবে। | উপজেলা আনসার কর্মকর্তা, বিজয়নগর। |
| ১৬। প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, কোভিড-১৯ ভাইরাস প্রার্দুভাবের কারণে আসন্ন ঈদ উল-আযহায় কোরবানী পশু অন লাইনে বিক্রির জন্য Zoom app এর মাধ্যমে জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া মহোদয় ব্রাহ্মণবাড়িয়া কোরবানী পশুর হাট নামে উদ্বোধন করেছেন। এই কার্যক্রমে সবাইকে সহায়তা করার জন্য বিনীত অনুরোধ করা হলো। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কাজ অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, বিজয়নগর। |
| ১৭। মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জুলাই/২১খ্রি. মাসে আমতলী বাজারে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব রাবেয়া আফসার সায়মার নেতৃত্বে | বিভাগীয় কার্যক্রম আরও বাড়াতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, বিজয়নগর। |

| | | | |
|---|---|---|---|
| | একটি মোবাইল কোর্ট ও একটি অভিযান পরিচালনা করা হয়। উক্ত মোবাইল কোর্টে ৩.৫ লক্ষ টাকার অবৈধ জাল জব্দ করে তাৎক্ষণিকভাবে পুড়িয়ে বিনষ্ট করা হয় ও ৫ হাজার টাকার জরিমানা করা হয়। মৎস্য কার্যক্রম বেগবান করার জন্য সম্ভাব্য প্রদর্শনী ও প্রশিক্ষণের তালিকা প্রণয়নের কাজ চলছে। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | | |
| ১৮। জনস্বাস্থ্য প্রকৌশল অধিঃ | উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থবছরে হাওড় অঞ্চলের টেকসই পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের আওতায় বিজয়নগর উপজেলার হাওড় বেষ্টিত ৭টি ইউনিয়ন (চান্দুরা, বুধন্তি, ইছাপুরা, চম্পকনগর, পত্তন, চরইসলামপুর ও হরষপুর) সাব-মারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপ- ৩০০টি, হ্যান্ড পাম্প- ৭১টি, ইস্পাত ল্যাট্রিন- ৫০টি বরাদ্দ পাওয়া যায়। সমগ্রদেশের নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় মোট ২৬০টি গভীর নলকূপের কাজ প্রায় শেষ পর্যায়ে। | গভীর নলকূপ এর কাজ আরও দ্রুত করতে হবে। | জনস্বাস্থ্য প্রকৌশলী বিজয়নগর। |
| ১৯। পল্লী দারিদ্র বিমোচন | পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, জুলাই / ২০২১ মাসের মোট সমিতির সংখ্যা ৫৪, সদস্য সংখ্যা ১৪৩১ জন, ক্ষুদ্র ঋণ সদস্য সংখ্যা- ৬৯৪জন, ক্ষুদ্র ঋণ বিতরণ-১০৫.২০ লক্ষ, ক্ষুদ্র ঋণ আদায়-১১৭.৯৪ লক্ষ, মোট আদায় হার ৯৭%। ক্ষুদ্র উদ্যোক্তা ঋণী সদস্য ৯৬জন, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণ ৯০.৪০ লক্ষ, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ আদায়যোগ্য ১২০.০০ লক্ষ। ক্ষুদ্র আদায় হার ৯৮%। বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ঋণ বিতরণ ও ঋণ আদায় হার আরও বাড়াতে হবে এবং মাঠ কর্মীরা বাড়ী বাড়ী গিয়ে সচেতনতামূলক সভা করতে হবে। | পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিজয়নগর। |
| ২০। বি এ ডি সি (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্রসেচ) সভায় জানান যে, বিজয়নগর উপজেলায় কুমিল্লা- চাঁদপুর-ব্রাহ্মণবাড়িয়া জেলা সেচ এলাকা উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২০-২১ অর্থ বছরে খাল পুনঃখনন ১৪.০০ কি.মি. ড্রাগওয়েল ০২টি, মাঝারী স্ট্রাকচার ০১টি, ছোট স্ট্রাকচার-০১টি, ২টি কিউসেক এলএলপি স্থাপন ০১টি, কিউসেক এলএলপি স্কীম ০১টি। ব্রাহ্মণবাড়িয়া জেলার বিজয়নগর ও ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলায় ভূ-পরিস্থ পানি ব্যবহারের মাধ্যমে ক্ষুদ্রসেচ ও সেচ দক্ষতা বৃদ্ধিকরণ কর্মসূচি থেকে চলতি ২০২০-২১ অর্থ বছরে খাল খনন ২.০০কি.মি. ০৫টি ছোট স্ট্রাকচার এবং ০৬টি ভূ-গর্ভস্থ সেচনালা নির্মাণ করা হয়েছে। আগামী অর্থবছরের জন্য কাজের সাইট বাছাই করা হচ্ছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রকল্পের বরাদ্দ অনুযায়ী কাজের মান যাতে ভাল হয় সেই দিকে দৃষ্টি রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি(সেচ), বিজয়নগর। |
| ২১। বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কাজ অব্যাহত রাখতে হবে। | উপজেলা বন বিভাগ কর্মকর্তা, বিজয়নগর। |
| ২২। পরিসংখ্যান ব্যুরো | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজ অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিসংখ্যান ব্যুরো বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২৩। ইউআরসি | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজ অব্যাহত রাখতে হবে। | উপজেলা ইউআরসি বিজয়নগর। |
| ২৪। পল্লী বিদ্যুৎ বিভাগ | উপজেলা পল্লী বিদ্যুৎ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজ অব্যাহত রাখতে হবে। | পল্লী বিদ্যুৎ বিভাগ, বিজয়নগর। |
| ২৫। ইসলামিক মিশন হাসপাতাল | চান্দুরা-আখাউড়া সড়কের পাশে খিরাতলা নামক স্থানে ইসলামিক মিশন হাসপাতাল স্থাপনের সেবাকার্যক্রম চলমান আছে। | বিভাগীয় কাজ অব্যাহত রাখতে হবে। | ইসলামিক মিশন হাসপাতাল বিজয়নগর। |
| বিবিধ | (ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প আশ্রয়ন-২ প্রকল্পের অধীনে বিজয়নগর উপজেলায় নতুন মাটি ভরাট করে আশ্রয়ন প্রকল্প করায় তার স্থায়ীত্ব রক্ষার্থে নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সিদ্ধান্তে উপস্থাপন করা হয়। আশ্রয়ন প্রকল্প-২ এর আওতায় বুধন্তী ইউনিয়নের আশ্রয়ন প্রকল্পের ১ম অংশের রাস্তা রক্ষার্থে প্যালাসাইডিং করন-২,০০,০০০/=, বুধন্তী ইউনিয়নের আশ্রয়ন প্রকল্পের ২য় অংশের রাস্তা রক্ষার্থে প্যালাসাইডিং করন-২,০০,০০০/=<br>বুধন্তী ইউনিয়নের আশ্রয়ন প্রকল্পের ৩য় অংশের রাস্তা রক্ষার্থে প্যালাসাইডিং করন-১,৩০,০০০/=, আশ্রয়ন প্রকল্প-২ এর আওতায় হরষপুর ইউনিয়নের আশ্রায়ন প্রকল্পের ১ম অংশের রাস্তা রক্ষার্থে প্যালাসাইডিং করন-২,০০,০০০/=<br>আশ্রয়ন প্রকল্প-২ এর আওতায় হরষপুর ইউনিয়নের আশ্রায়ন প্রকল্পের ২য় অংশের রাস্তা রক্ষার্থে প্যালাসাইডিং করন-১,৮৬,০০০/=, আশ্রয়ন প্রকল্প-২ এর আওতায় পাহাড়পুর ইউনিয়নের আশ্রায়ন প্রকল্পের ১ম অংশের রাস্তা রক্ষার্থে প্যালাসাইডিং করন-২,০০,০০০/=, আশ্রয়ন প্রকল্প-২ এর আওতায় পাহাড়পুর ইউনিয়নের আশ্রায়ন প্রকল্পের ২য় অংশের রাস্তা রক্ষার্থে প্যালাসাইডিং করন-৬৫,০০০/=, | সভায় বিস্তারিত আলোচনার পর জনস্বার্থে উক্ত কাজগুলো প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নসহ সাকুল্য ব্যয়ভার উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হইতে বহন করার সর্বসম্মতিক্রমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট ইউ/পি চেয়ারম্যান বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া। |

| | | | |
|---|---|---|---|
| | আশ্রয়ন প্রকল্প-২ এর আওতায় চম্পকনগর ইউনিয়নের আশ্রায়ন প্রকল্পের ১ম অংশের রাস্তা রক্ষার্থে প্যালাসাইডিং করন-২,০০,০০০/=<br>আশ্রয়ন প্রকল্প-২ এর আওতায় চম্পকনগর ইউনিয়নের আশ্রায়ন প্রকল্পের ২য় অংশের রাস্তা রক্ষার্থে প্যালাসাইডিং করন-২,০০,০০০/=, আশ্রয়ন প্রকল্প-২ এর আওতায় ইছাপুরা ইউনিয়নের আশ্রায়ন প্রকল্পের ১ম অংশের রাস্তা রক্ষার্থে প্যালাসাইডিং করন-২,০০,০০০/=, আশ্রয়ন প্রকল্প-২ এর আওতায় ইছাপুরা ইউনিয়নের আশ্রায়ন প্রকল্পের ২য় অংশের রাস্তা রক্ষার্থে প্যালাসাইডিং করন-২,০০,০০০/=, আশ্রয়ন প্রকল্প-২ এর আওতায় ইছাপুরা ইউনিয়নের আশ্রায়ন প্রকল্পের ৩য় অংশের রাস্তা রক্ষার্থে প্যালাসাইডিং করন-২,০০,০০০/= | | |
| | (খ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উক্ত রাস্তাটি প্রয়োজন থাকায় উপজেলা পরিষদের অভ্যন্তরীন মুল সড়ক হইতে আনসার ক্যাম্প ও উপজেলা পরিষদ চেয়ারম্যান এর বাসভবনের দক্ষিন দিকের সংযুক্ত রাস্তা নির্মাণ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা প্রদানের বিষয়ে সভায় একমত পোষণ করেন । | আলোচনান্তে উপস্থিত সদস্যগণ উক্ত টাকা RFQ এর মাধ্যমে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে সর্বসম্মতিক্রমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার,<br>উপজেলা প্রকৌশলী,<br>বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া। |

(নাছিমা মুকাই আলী)
সভাপতি
মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং : ০০.৪২.০৫৬৬.০০০.০৬.০০১.২১- / (৪০)

তারিখ: ২৭ আষাঢ় ১৪২৭ বাংলা
০৮ জুলাই-২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। মাননীয় সংসদ সদস্য, ব্রাহ্মণবাড়িয়া -৩ ও সভাপতি, বেসামরিক বিমান ও পর্যটন বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম ।
৪। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
৫। চেয়ারম্যান, বিজয়নগর উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
৬। ভাইস চেয়ারম্যান / মহিলা - ভাইস-চেয়ারম্যান, বিজয়নগর উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
৭। উপজেলা..........................................................অফিসার (সকল), বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
৮। চেয়ারম্যান,..........................................................ইউপি (সকল), বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

(কে.এম. ইয়াসির আরাফাত)
উপজেলা নির্বাহী অফিসার
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।